দৈনিক বাংলা

# জগন্নাথ কলেজ এলাকায় পুলিশ টহল ঃ এখনও কেউ গ্রেফতার হয়নি

।। স্টাফ রিপোর্টার ।।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ এলাকায় পুলিশ টহল জোরদার করা হয়েছে। এছাড়া ছাত্রাবাস এলাকায় পুলিশ প্রহরা অব্যাহত রয়েছে। তবে বিবদমান ছাত্র সংগঠনের কর্মী যারা পুরান ঢাকায় বসবাস করে তাদের মধ্যে এখনও চাপা উত্তেজনা বিরাজ করছে। এদের মধ্যে পরস্পরকে অস্ত্র প্রদর্শনের ঘটনা ঘটছে বলে প্রত্যক্ষদর্শীরা জানান।

এদিকে জগন্নাথ কলেজ ক্যাম্পাসে সন্ত্রাসের ঘটনায় বিভিন্ন সংগঠনের উদ্বেগ প্রকাশ অব্যাহত রয়েছে। জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী সেক্রেটারী এ ি এম আজহারুল বলেছেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রকাশ্য দিবালোকে দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সারাদিন ধরে বন্দুক যুদ্ধের ঘটনায় সরকারের নীরবতা জনমনে সংশয়ের জন্ম দিয়েছে। পুলিশের নাকের ডগায় যেভাবে বন্দুক যুদ্ধ সংঘটিত হয়েছে তাতে প্রমাণিত হয়েছে যে দেশে আইনের শাসন নেই। জামায়াত নেতা গতকাল নগরীর কালাচাঁদপুরে দলের ৭৫ নম্বর ওয়ার্ড আয়োজিত এক সমাবেশে বক্তৃতা করেন। তিনি অভিযোগ করেন যে গত ২৭শে মে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভিসির কক্ষে মওলানা মতিউর রহমান নিজামীর ওপর হামলাকারীদের এখনও গ্রেফতার করা হয়নি।

জাতীয়তাবাদী গণতান্ত্রিক দলের চেয়ারম্যান পীরজাদা শাহ দীন মোহাম্মদ এক বিবৃতিতে বলেন, শিক্ষাঙ্গনে অস্ত্রের মহড়া দেশে গণতন্ত্র প্রতিষ্ঠার ক্ষেত্রকে ব্যাহত করতে পারে। তিনি শিক্ষাঙ্গন থেকে অস্ত্রের ঝনঝনানি চিরতরে বন্ধ করতে সরকারের প্রতি আহবান জানান।